গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
প্রোগ্রামার এর কার্যালয়
www.doict.jessore.gov.bd

# জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ তমিজুল ইসলাম খান<br>জেলা প্রশাসক, যশোর ও সভাপতি, জেলা আইসিটি কমিটি, যশোর। |
| সভার তারিখ | ২৬ জুন ২০২২ |
| সভার সময় | সকাল: ১০.০০ টা। |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এর সম্মেলন কক্ষ-১ |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত

১.১: জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শন:

| ক্র: নং | কর্মকর্তা | ইউডিসিপরিদর্শন | |
|---|---|---|---|
| | | পরিদর্শন | দর্শন |
| ১. | জেলা প্রশাসক, যশোর | ০১টি | ০২টি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর | ০২টি | ০৩টি |

১.২ উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য:

| ক্র: নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরনী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসি এর সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসি এর মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| ১ | যশোর সদর | ২৭/০৬/২০২২ | হ্যাঁ | ১৫ | ২ | ৩ | ১,০৪,০৫০/- | ২৫০২ | |
| ২ | বাঘারপাড়া | ২২/০৬/২০২২ | হ্যাঁ | ১০ | ৩ | ৩ | ৩৬০২৩/- | ৩৬৩২ | |
| ৩ | চৌগাছা | ২৭/০৬/২০২২ | হ্যাঁ | ১১ | ২ | ২ | ৮৩,৫০০/- | - | |
| ৪ | কেশবপুর | ২৮/০৬/২০২২ | হ্যাঁ | ১১ | ৩ | ২ | ৯৫৫৩৯/- | ৬২১৮ | |
| ৫ | মনিরামপুর | ২৮/০৬/২০২২ | হ্যাঁ | ১৭ | ৪ | ৫ | ১০৪,২৯৪/- | ৭,৮৩০/- | |
| ৬ | শার্শা | ৩০/০৬/২০২২ | হ্যাঁ | ১১ | ২ | ৩ | ১২১৩২০/- | ৩০৮৮ | |
| ৭ | অভয়নগর | ২৯/০৬/২০২২ | হ্যাঁ | ৮ | ২ | ২ | ৩২০০০/- | ৩৪০০ | |
| ৮ | ঝিকরগাছা | ২৭/০৪/২০২০ | না | ১১ | - | - | - | - | |

১.৩ মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেম এর জুন/২০২২ মাসের প্রতিবেদনঃ

| উপজেলার নাম | মোট মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা | নিজ উদ্যোগে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা | সচল মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা (%) | মোট ক্লাস | পারফরমেন্স (%) |
|---|---|---|---|---|---|
| যশোর সদর | ১৪০ | ২৪ | ১০০ | ২৯৮ | ২. |
| শার্শা | ৭৪ | ১৮ | ১০০ | ৬৭ | ১.২ |
| মনিরামপুর | ১৫৯ | ১ | ১০০ | ২৭৪০ | ১৪.৭ |
| অভয়নগর | ৬৬ | ২ | ১০০ | ১১৮ | ২.৩ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চৌগাছা | ৮৫ | ২৩ | ১০০ | ২১০ | ৩.৫ |
| ঝিকরগাছা | ৭৫ | ০ | ১০০ | ৩৩৭ | ৩.৫ |
| কেশবপুর | ৯৩ | ২ | ১০০ | ২৫৯ | ২.৫ |
| বাঘারপাড়া | ৯৬ | ২ | ১০০ | ১১৪ | ১.৩ |
| **সারাংশ** | **৭৮৮** | **৭২** | **১০০%** | **৪১৪৩** | **৩.৯** |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জেলা আইসিটি কমিটির সভায় মে/২০২২ মাসের কার্যক্রম নিয়ে আলোচনা হয়।

২. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| **ক্র: নং** | **আলোচ্য বিষয়** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
|---|---|---|---|
| ২.১ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ | ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করার নিমিত্তে এ জেলার সকল দপ্তরকে ইতিমধ্যে চিঠি পাঠানো হয়েছে। উক্ত চিঠির প্রেক্ষিতে সংশ্লিষ্ট দপ্তর কাজ করছে কিনা তার রিপোর্ট চেক করতে হবে। যদি ঐ দপ্তর পোর্টাল হালনাগাদ না করে থাকে তাহলে পুনরায় তাগিদ পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়। এবং ঐ দপ্তরে যাকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে তিনি যদি বদলি হয়ে যান, তাহলে তার স্থলাভিষিক্ত ব্যক্তিকেও প্রশিক্ষণ দেওয়ার জন্য সহকারি প্রোগ্রামার (সকল), আইসিটি অধিদপ্তর, যশোরকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (আইসিটি), যশোর প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল)ও স্ব স্ব দপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ |
| ২.২ | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি | হার্ড-ফাইলের পরিবর্তে ই-ফাইলে কাজ করার প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে সকলকে এ বিষয়ে আরো যত্নবান হতে হবে। যেসব দপ্তর ই-নথি ব্যবহারে আগ্রহী নয়, তাদের জেলা দপ্তর থেকে উপজেলা দপ্তরকে এ বিষয়ে তাগিদ পত্র প্রেরণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।<br>এছাড়া, ই-নথিতে এ জেলায় কোন অফিস কতটুকু কার্যক্রম পরিচালনা করছেন তা ড্যাশবোর্ডে দেখার রিপোর্ট সিস্টেম এখন বন্ধ রয়েছে, সেটি চালু হলে জেলা থেকে সকল কার্যক্রম মনিটর করা যাবে; বিষয়টি সকলকে অবহিত করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর ও স্ব স্ব দপ্তরের অফিস প্রধানগণ |
| ২.৩ | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | স্ব স্ব দপ্তরের সরকারী ই-মেইলে অনেক গুরুত্বপূর্ণ চিঠিপত্র আসে। এসব চিঠিপত্র সরকারি ইমেইলের মাধ্যমে আদান-প্রদানের জন্য নির্দেশনা দেওয়া হয়। এবং কোনোভাবেই ব্যক্তিগত ইমেইল দাপ্তরিক মেইলের মাধ্যমে আদান-প্রদান করতে নিরুৎসাহিত করা হয়। এছাড়া, পত্রের নীচে অবশ্যই ইমেইল ও ফোন নম্বর যুক্ত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | জেলা ও উপজেলার সকল দপ্তর প্রধানগণ |
| ২.৪ | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান | ডিজিটাল যশোর জেলার ভাবমূর্তি অক্ষুন্ন রাখতে প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান এবং সভার রেজুলেশন প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কে নির্দেশনা প্রদান করা হয়। প্রতি মাসে সভা করলে সেখান থেকে সিদ্ধান্ত আসে এবং তা বাস্তবায়নের উদ্যেশে কার্যক্রম নেওয়া যায়, অন্যথায় এ কার্যক্রম স্থবির হয়ে পড়বে মর্মে সভায় আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), যশোর ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত | (ক) এ জেলায় স্কুলগুলোতে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত ভিজিট করতে হবে, ঠিকভাবে ডিভাইস চলছে কিনা, নিয়মিত সেগুলো চালোনো হয় কিনা, এবং কিভাবে চালাতে হবে এসব বিষয়ে তদারকি ও নির্দেশনা প্রদানের জন্য প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণকে অনুরোধ জানানো হয়।<br>(খ) যেসব স্কুলে ইন্টারনেট কানেকশন নেই, সেসব স্কুলের তথ্য নিয়ে EDC প্রকল্পের মাধ্যমে ব্রডব্যান্ড সংযোগ দেওয়ার বিষয়ে জেলা শিক্ষা অফিসার মহোদয়কে বলা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর এবং সংশ্লিষ্ট এসআরডিএল শিক্ষক |
| ২.৬ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | পূর্বের তুলনায় মাল্টিমিডিয়া ক্লাসরুমে ক্লাস সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, এ কার্যক্রমের প্রশংসা করা হয়। গুনগত মান ঠিক রেখে ক্লাস সংখ্যা আরো বৃদ্ধি করা এবং সঠিকভাবে তা ওয়েবসাইটে আপডেট দেওয়ার জন্য জেলা শিক্ষা অফিসার মহোদয়কে শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করতে বলা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা কর্মকর্তা, যশোর ও প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, যশোর |
| ২.৭ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত | ইউডিসি উদ্যোক্তাগণ সঠিকভাবে ব্যবসা করছে কিনা, ভালোভাবে সার্ভিস দিচ্ছে কিনা এবং নির্ধারিত মূল্যের অতিরিক্ত সার্ভিস ফি নিচ্ছে কিনা তা তদারকির জন্য সহকারী প্রোগ্রামার সকলকে বলা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর |
| ২.৮ | ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প কর্তৃক ইন্টারনেট সংযোগের তদারকিকরণ | (ক) ত্রিপক্ষীয় চুক্তি বাস্তবায়নের মাধ্যমে এবং সরকার নির্ধারিত “এক দেশ এক রেট” অনুসরন করে (ইউডিসি উদ্যোক্তাগণ, ISP এবং NTTN) ইন্টারনেট সেবা নিতে পারবেন।<br>এছাড়া ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের কাজ ভালোভাবে চলছে; বিষয়টি সকলকে অবহিত করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী প্রোগ্রামার (সকল), যশোর ও সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, যশোর। |
| ২.৯ | জেলার ইন্টারনেট এর তথ্য | (ক) আইসিটি কমিটির মিটিং এর দিন কতটি লাইন আপ ও ডাউন আছে তার তথ্য নিয়ে আসতে বিভাগীয় প্রকৌশলী (টেলিকম), যশোরকে অনুরোধ জানানো হয়।<br>(খ) রাস্তায় কাজ করতে গিয়ে ফাইবার লাইন কাটা পড়ায় সরকারি টাকার অপচয় হয়। এক্ষেত্রে কাজ করার আগে স্থানীয় সরকার বিভাগ ও সড়ক ও জনপদ বিভাগ যেনো বিটিসিএল এর সাথে সমন্বয় মাধ্যমে কাজ করে, বিষয়টি উপজেলা সমন্বয় মিটিং এও যেনো আলোচনা হয় সে বিষয়ে সহকারী প্রোগ্রামার গণকে নির্দেশ দেওয়া হয়। | জেলা প্রশাসন, যশোর, বিভাগীয় প্রকৌশলী (টেলিকম), যশোর, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার-৩ প্রকল্প, যশোর |
| ২.১০ | ইনফো সরকার ২য় পর্যায় প্রকল্প কর্তৃক বাস্তবায়িত ইন্টারনেট সংযোগ সংক্রান্ত | ইনফো সরকার ২য় পর্যায় প্রকল্প কর্তৃক বাস্তবায়িত ইন্টারনেট সংযোগ এর ইউজার এক্সপেরিয়েন্স প্রতিবেদন প্রেরণ এবং ফাইবার এট হোম কর্তৃক তত্বাবধানকৃত এ ইন্টারনেটের লিংক ডাউনের প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করা হয়। | ফাইবার এট হোম, যশোর |

| | | | |
|---|---|---|---|
| ২.১১ | কোভিড-১৯ ভ্যাক্সিন সংক্রান্ত | অনলাইন সুরক্ষা সিস্টেমে কোভিড-১৯ ভ্যাক্সিন প্রদানের কার্যক্রম কাজ চলমান রয়েছে। একই সাথে আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোর থেকে এ সংক্রান্ত বিভিন্ন সমস্যা সমাধানের সেবা জনসাধারনকে প্রদান করা হচ্ছে। কিন্তু স্কুল-কলেজে অনেক যায়গায় হাতে লেখা নিবন্ধন করে টিকা প্রদান করেছে, তাই সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরা সনদ পাচ্ছেন না। বিষয়টি জেলা সিভিল সার্জন অফিসকে অবহিত করা হয়; এর সম্ভাব্য সমাধান করা এবং টিকা প্রদানের পূর্বেই টিকা প্রত্যাশি সকলকে অনলাইন সিস্টেমে নিবন্ধনের বিষয়টি নিশ্চিত করার বিষয়ে অনুরোধ করা হয়। এছাড়া এসএমএস ছাড়া যেনো কাওকে টিকা প্রদান না করা হয়, সে বিষয়ে সিভিল সার্জনের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়। সরকার কর্তৃক বিশেষ ক্যাম্পেইন পরিচালনার নির্দেশনা থাকলেও অন্তত পক্ষে তাদের যেনো অনস্পট নিবন্ধন করে নেওয়া হয়। | সিভিল সার্জন, যশোর |
| ২.১২ | সাইবার নিরাপত্তা | (ক) সন্তাদের নিরাপদ ইন্টারনেট প্রদান করতে বাবা-মাকে প্যারেন্টাল কন্ট্রোল বিষয়ে একটি মডিউল দাড় করানোর জন্য প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, যশোর কে বলা হয়।<br>(খ) বর্তমানে অনলাইনে মানুষের বিচরন বেড়েছে এবং তারা বিভিন্ন ধরনের সাইবার আক্রমণের শিকার হচ্ছেন; যেমন বিকাশ প্রতারণা, সামাজিক যোগাযোগ মাধ্যমে হয়রানির শিকার ইত্যাদী। এ বিষয়ে জেলা পর্যায়ে বাংলাদেশ পুলিশ কর্তৃক একটি টিম সাইবার বুলিং নিয়ে কাজ করছে, যেকোনো সমস্যায় তাদের সহায়তা নিতে বলা হয়।<br>এছাড়াও স্কুল/কলেজে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমূহ পরিদর্শনকালে সকল সহকারী প্রোগ্রামারগনকে সাইবার নিরাপত্তা বিষয়ে ছাত্র-ছাত্রীদের সাথে (ল্যাব কক্ষে) সভা করা ও ল্যাবে লগ রেজিস্টার মেইন্টেইন করার বিষয়ে বলা হয় । ইউডিসি গুলোতেও যে সেবা দিচ্ছে তারও রেজিস্টার মেইনটেইন করার বিষয়ে পুলিশ সুপারের প্রতিনিধি মহোদয় আলোচনা করেন। | পুলিশ সুপার, যশোর, প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর |
| ২.১৩ | অন্যান্য | জেলা ও উপজেলা পর্যায়ের সকল কাজে আইসিটির ব্যবহার ত্বরান্বিত করার লক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ, প্রশিক্ষণ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচিত হয়। | প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, যশোর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ তমিজুল ইসলাম খান
জেলা প্রশাসক, যশোর ও সভাপতি, জেলা
আইসিটি কমিটি, যশোর।

স্মারক নম্বর: ৫৬.০৪.৪১০০.০০০.০৬.০০২.১৯.৪৮

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৯
১৯ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্য।

২) আইসিটি কমিটির সদস্যবৃন্দ, যশোর।

৩) অফিস কপি।

মোঃ আনিছুর রহমান
প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,
যশোর ও সদস্য সচিব, জেলা আইসিটি কমিটি,
যশোর।